

# জবিতে ভর্তি : বিষয় পছন্দক্রম পূরণের সময় বাড়ল

জবি প্রতিনিধি

২৩ এপ্রিল, ২০২৫  
১৬:৫০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের এ, বি, [Learn More](#) নটে যারা বিষয় পছন্দক্রম পূরণ করতে পারেনি তাদের জন্য সময় বৃদ্ধি করা হয়েছে। পছন্দক্রম পূরণ করা যাবে আগামীকাল (২৪ এপ্রিল) সকাল ১১টা ৫৯ মিনিট পর্যন্ত।

বুধবার (২৩ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষে ভর্তি পরীক্ষায় এ, বি, সি, ডি ও ই ইউনিটে পরীক্ষার্থীদের মধ্যে মেধা তালিকায় অবস্থানকারী যেসব পরীক্ষার্থী বিষয় পছন্দক্রম পূরণ করতে পারেনি, সেসব পরীক্ষার্থী আজ বুধবার (২৩ এপ্রিল) দুপুর ১২টা থেকে বৃহস্পতিবার (২৪ এপ্রিল) সকাল ১১টা ৫৯ মিনিট পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তিসংক্রান্ত ওয়েবসাইট <https://jnuadmission.com> এ নিজ নিজ প্যানেল লগইন করে বিষয় পছন্দক্রম পূরণ করতে পারবে।



Haier



Learn More